

কোভিড-19 কেসের উপর ভিত্তি করে জনস্বাস্থ্য দল কর্তৃক সাপ্তাহিক বিবৃতি

24 জুন 2021

17 জুন অবধি সাত দিনে (23 জুন প্রকাশিত তথ্যের ভিত্তিতে) ব্রাইটন ও হোভে নতুন 334 টি কোভিড-19 কেইস হয়েছে - এর আগের সপ্তাহে 213 টি কেইস ছিল। এটা:

- আগের সপ্তাহের চেয়ে ৫৪% বৃদ্ধি
- প্রতি 100,000 বাসিন্দার মধ্যে সাপ্তাহিক হার 114.8 এর সমতুল্য
- দক্ষিণ পূর্বের চেয়ে বেশি যা প্রতি 100,000 জনে 57.5 ছিল
- ইংল্যান্ডের হারের চেয়ে বেশি, যা প্রতি 100,000 জনে 98.4 ছিল

ব্রাইটন ও হোভের জন্য এর অর্থ কী?

কোভিড-19 এর নিশ্চিত হওয়া কেইসের সংখ্যা এখনও শহরে বাড়ছে এবং ইংল্যান্ডের দক্ষিণ-পূর্ব অঞ্চলের মধ্যে যেসব এলাকায় সর্বোচ্চ হার আমরা তার একটি।

নতুন বেশিরভাগ কেইস এখন 15 থেকে 29 বছর বয়সের মধ্যে রয়েছে। আমরা এখন 30 থেকে 59 বছর বয়সীদের মধ্যেও বৃদ্ধি দেখছি।

আমরা কোভিড-19 এর জন্য হাসপাতালের চিকিৎসার প্রয়োজন হবার সংখ্যায় উল্লেখযোগ্য বৃদ্ধি দেখছি। তবে সংক্রমণের হার কমাতে এবং বেশী ঝুঁকিপূর্ণ লোকদের ভাইরাসে আক্রান্ত হবার ঝুঁকি এড়াতে আমাদের সকলকে এখনই কাজ করা উচিত।

টিকা দেওয়ার ফলে ভাইরাস ধীর হচ্ছে

এটি এখন পরিষ্কার হয়ে গেছে যে ফাইজার, অ্যাস্ট্রাজেনেকা বা মডার্না কোভিড-19 টিকার দুটি ডোজ আপনার দ্বারা কোভিড-19 ধরা বা ছড়িয়ে দেওয়ার ঝুঁকি কমায় এবং গুরুতর রোগের বিরুদ্ধে উচ্চ স্তরের সুরক্ষা দেয়।

18 বছর বা তার বেশি বয়সের সকল প্রাপ্তবয়স্করা এখন তাদের প্রথম টিকা নিতে সক্ষম। তরুণ-তরুণীদের টিকা নেবার সুযোগ দেবার প্রথম সপ্তাহেই তাদের প্রথম টিকা নেবার জন্য যতজন বুকিং দিয়েছিল বা তা উৎসাহজনক। টিকার দুই ডোজের মাঝখানের সময়ও কমিয়ে আনা হয়েছে এবং বয়স্ক লোকজনদের মধ্যে আরও বেশি লোক এখন তাদের দ্বিতীয় ডোজ পাওয়ার জন্য যোগ্য।

আমাদের পুরো শহরের সর্বাধিক সুরক্ষার জন্য এবং ব্রাইটন ও হোভকে সুরক্ষিত রাখতে আমরা দৃঢ়ভাবে পরামর্শ দিচ্ছি যে প্রত্যেকেই যত তাড়াতাড়ি সম্ভব তাদের টিকা বুক করা এবং দুটি ভ্যাকসিন ডোজের সম্পূর্ণ কোর্সটি সম্পন্ন করা উচিত।

বিনা অনুমতিতে যুক্তরাজ্যে বসবাসরত যে কেউ সহ ইংল্যান্ডে বিদেশী ভিজিটর বা দর্শনার্থীরা, কোভিড-19 ভ্যাকসিন নেবার অধিকারী।

কোথায় এবং কীভাবে আপনার কোভিড টিকা নেওয়া যাবে

- মৌলসকোশ্বের ব্রাইটন সেন্টার এবং কামসনস কেমিস্টে অ্যাপয়েন্টমেন্টের জন্য [এনএইচএস.ইউকে জাতীয় বুকিং সিস্টেমটি](#) ব্যবহার করে অনলাইনে বুক করুন।
- ব্রাইটন রেসকোর্স টিকাদান কেন্দ্রে একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করতে 0300 303 8060 নম্বরে কল করুন
- আপনি যদি কোনও মূল টিকা কেন্দ্রে না যেতে পারেন তবে এই শুক্রবার, শনিবার ও রবিবারে মোবাইল ভ্যাকসিনেশন কমিউনিটি সার্ভিস থেকে আপনি প্রথম টিকাটি পাবেন - [সময়, অবস্থান এবং বুকিংয়ের জন্য এই পৃষ্ঠায় যান](#) ।
- পরিবহনের অভাব আপনাকে বাধা দিতে দেবেন না। আপনার অ্যাপয়েন্টমেন্টে যাবার কোনও উপায় না থাকলে একটি নিখরচায় পরিবহন সেবা পাওয়া যাবে। আরও বিশদ জানার জন্য সোমবার থেকে শুক্রবার সকাল 10 টা থেকে দুপুর 1 টা এবং দুপুর 2 টা থেকে বিকাল 5 টা পর্যন্ত 0300 303 8060 নম্বরে ফোন করুন

নিরাপদ থাকুন

আমাদের সবার এখনও বেসিক কোভিড-19 সুরক্ষা অভ্যাসটি বজায় রাখা দরকার। আপনার ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নিয়ে থাকলেও এটি করুন।

- আপনার পরিবার বা বাবলে নেই এমন লোকের থেকে নিরাপদ দূরত্ব রাখুন - ভিতরে এবং বাইরে উভয় জায়গায়ই।
- বাড়ি থেকে দূরে থাকাকালীন মুখের আচ্ছাদনগুলি পরুন, আপনি যদি পারেন তবে নিশ্চিত করুন যে এসব যেন নাক এবং মুখ উভয়কেই সঠিকভাবে ঢেকে রাখে।
- নিয়মিত হাত ধোনা বা হ্যান্ড জেল ব্যবহার করুন
- দরজা এবং উইন্ডো খোলার মাধ্যমে তাজা বাতাস সঞ্চালন করতে দিন - বাইরে থাকা বাড়ীর ভেতর থেকে নিরাপদ
- সপ্তাহে দু'বার লক্ষণহীন এলএফডি পরীক্ষা নেওয়া চালিয়ে যান
- কোভিড-19 এর প্রথম লক্ষণ বা ইতিবাচক এলএফডি পরীক্ষার ফলাফল পাওয়ার সাথে সাথে নিজেকে তাৎক্ষণিকভাবে বিচ্ছিন্ন করুন এবং একটি পিসিআর পরীক্ষা বুক করুন।